শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো

গোলক ধাঁধা



সুডোকু মেলাও

বুদ্ধি বাড়াও

	7	3	6				8	
			4					1
					7			6
		9		8		6	2	
5								7
	2	8		7		3		
9			3					
8					2			
	6				4	1	9	

গতকালের সমাধান

9	1	2	8	6	4	3	5	7
5	3	8	7	1	2	6	4	9
7	4	6	9	3	5	2	1	8
4	2	3	5	8	7	1	9	6
8	9	1	4	2	6	7	3	5
6	5	7	1	9	3	4	8	2
1	6	9	3	7	8	5	2	4
2	8	4	6	5	1	9	7	3
3	7	5	2	4	9	8	6	1

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।০৮, **সূর্যাস্ত:** ঘ ৬।১৭ **জোয়ার**:রাত ৮:৪৮। **ভাঁটা**: সকাল ৩:৫৭।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনওবিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64.0773
INR / 1 Euro	:	74.2203
INR / 100 Jap. YEN	:	57.9800
INR / 1 Pound Sterling	:	84.1591

শেয়ারসূচক

BSE	32,514.95▲	(+205.06)
NIFTY	10,077.10▲	(+62.60)

শব্দলিপি- ৯৯৪



মীরা সরকার

পাশাপাশি : ১। উপদ্রব ৪। একধ্বনি ৬। নিরুদ্দেশ ৭। চারুনেত্রা ৯। [illegible] ১১। একসাথে দেহের দুটি শ্রেষ্ঠ অঙ্গ ১৩। নমনীয়তা ১৪। [illegible]

উপরনীচ : ২। অশ্বারোহী সৈন্যদল ৩। বন্দুকচালক ৪। অগোছালো ৫। আয়তচক্ষু ৬। পরিবর্তনশীল ৮। যুক্তিনির্ভর চিন্তা দ্বারা চালিত ১০। অপরের অজ্ঞানকারী ১২। তিরস্কার

সমাধান : শব্দলিপি - ৯৯৩

পাশাপাশি : ১। অকপট ৩। [illegible] ৬। ধুমধাম ৮। টিপটিপানি ১০। [illegible] ১২। নিমন্ত্রক ১৪। ইন্দ্রত্ব ১৫। রাজধানী

উপরনীচ : ১। অন্তরটিপুনি ২। পরিপাটি ৪। [illegible] ৫। আধুনিক ৭। [illegible] ৯। পাক করা ১১। বকবক ১৩। মহেন্দ্র

ষষ্ঠ শ্রেণির ছাত্রীকে ধর্ষণ করে খুনের অভিযোগ উঠল বাড়ির মালিকের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ষষ্ঠ শ্রেণির ছাত্রী রুবি পোদ্দারকে ধর্ষণ করে খুনের অভিযোগ উঠল বাড়ির মালিকের বিরুদ্ধে ঘটনাটি ঘটেছে বারুইপুরের পিয়ালী এলাকায়। সূত্র মারফত জানা যাচ্ছে। রাখির বাবা মৃত্যুঞ্জয় পোদ্দার বৃহস্পতিবার সন্ধ্যে ৭টায় কাজ থেকে ফিরে দেখে রুবি বাড়িতে নেই। প্রতিবেশীদের কাছে খোঁজ শুরু করে। এক মহিলা জানান বাড়ির মালিকের রান্নাঘর থেকে কাকে যেন মারা হচ্ছে এরকম শব্দ শোনা যাচ্ছিল। এরপর সকলে মিলে অনথা মণ্ডলের ঘরে গিয়ে দেখে অনাথ মদ্যপ অবস্থায় রয়েছে।

প্রতিবেশীরা উত্তেজিত হয়ে অনাথকে মারধর করতে শুরু করে। এরপর গোয়াল ঘর থেকে রুবির বস্তা বন্দি মৃতদেহ পাওয়া যায়। রুবির মা সোমা দত্তর দাবি অনাথের স্বভাব চরিত্র ভাল নয়।

এর আগে এ বোবা মেয়েকে ধর্ষণ করেছিল। খবর যায় বারুইপুর থানায় পুলিশ এসে মৃতদেহ ময়না তদন্তে পাঠায়। অনাথের বিরুদ্ধে ধর্ষণ খুণের মামলা রুজু হয়েছে। এলাকার লোকজন অনাথ মণ্ডলের কঠোর শাস্তির দাবিতে সোচ্চার হয়েছে। উত্তেজনা থাকায় এলাকায় পুলিশ রয়েছে।

ভাগ্যলিপি

মেষ

নিজের কর্মজীবনের পরিকল্পনার ও আর্থিক বিষয় নিয়ে চিন্তায় আজ আপনি ব্যস্ত থাকবেন।

বৃষ

ঘরোয়া বিষয় নিয়ে ব্যস্ত থাকবেন। বেঁচে থাকার ইন্দুঁর দৌড়ে ক্লান্ত হয়ে। দূরে কোথাও পালিয়ে যাওয়ার চিন্তাও আসতে পারে আপনার মাথায়।

মিথুন

চলতে থাকা সমস্যায় সমাধান আজ খুঁজে পেতে পারেন আপনি

কর্কট

নিজের ভুল থেকে শিক্ষা নিন। পারলে মন্দির, মসজিদ, গির্জায় ভগবানের দ্বারস্ত হতে পারেন।

সিংহ

আপনার মহিলা ভাগ্য ভালো। কাজ করে সন্তুষ্টি পাবেন।

কন্যা

নির্দিষ্ট লক্ষ্যে এগিয়ে চলুন, সফলতার লক্ষ্যে আপনার দৌড় অব্যাহত থাকবে।

তুলা

বিয়ের ফুল ফুটতে চলেছে। ভালো সময় অপেক্ষা করছে। আপনার জন্য।

বৃশ্চিক

বন্ধু সখ্য সহায়তা লাভ করবেন। নতুন ব্যবসা শুরু করলে। খুব বেশি সমস্যায় সম্মুখীন হতে হবে না।

ধনু

ভালোবাসার মানুষের সানিধ্য আজ আপনার প্রয়োজন হতে পারেন। পরিবারিক বন্ধুদের সঙ্গে ভলো সময় কাটবে।

মকর

দিনটা গতানুগতিক হলেও কাজের চাপ বাড়তে পারে আপনার।

কুম্ভ

আপনার বাড়িও গাড়ি কেনার স্বপ্ন সফল হওয়ার সম্ভাবনা রয়েছে। দারুন কাটবে আপানার দিন

মীন

সময়ের পূর্বেই আপনার কাজ শেষ হবে। ভাল সময় কাটবে।

দুর্গাপুজোয় আদিবাসীদের জন্য ওলাবিবিতলা সর্বজনীন দুর্গোৎসব সমিতির ভাবনা ‘আদিতে আনন্দ’

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: দুর্গাপুজো সব শ্রেণির মানুষই করে। আদিকাল থেকে বিভিন্ন রূপে, বিভিন্নভাবে আদিবাসীরা দুর্গাপুজো করে থাকে, তারা কিভাবে আদিবাসীরা দুর্গা পুজো করে থাকে। তারা কিভাবে এই পুজোয় আনন্দে শামিল হয় তা সকলের কাছে তুলে ধরতে হাওড়ার ওলাবিবিতলা সর্বজনীন দুর্গোৎসব সমিতির এবছরের থিম ‘আদিতে আনন্দ’।

হাতির প্রতিরূপে তৈরি করা হবে প্যান্ডেলটি। প্যান্ডেল চত্বরে থাকবে স্টিলের তৈরি আদিবাসীদের মডেল। তাদের হাতে থাকবে আদিবাসীদের ব্যবহৃত বাদ্যযন্ত্র।

হাওড়ার বিখ্যাত হাজারহাত কালী মন্দিরের কাছেই অবস্থিত ওলাবিবিতলা লেনের ওলাবিবিতলা সর্বজনীন দুর্গোৎসব ও সমিতির পুজোর প্রস্তুতির কাজও চলছে জোর কদমে। এই সমিতির পুজো ৭০ বছরে পড়ল।



এই পুজো কমিটির সদস্য অরবিন্দ মুখোপাধ্যায় জানিয়েছেন, প্রতি বছর নতুন ভাবনায় তাঁরা পুজো করে থাকেন। এই বছরেও তাঁরা নতুন ধরনের থিম করার চেষ্টা করেছেন।

মণ্ডপ থিমের হলেও প্রতি বছরের মতো প্রতিমা হবে সাবেকি। এই বছর তাঁদের বাজেট ১৪ লক্ষ টাকা। পুজোর সময় বহু দর্শনার্থী এখানে আসেন মণ্ডপ দর্শনে। মণ্ডপে আগত সেই দর্শনার্থীদের নিরাপত্তার ব্যাপারে অরবিন্দবাবু জানিয়েছেন, প্রশাসনের সম্পূর্ণ নিয়ম মেনে নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে।

মণ্ডপে থাকবে একটা প্রবেশ পথ এবং দু'টি বাহির পথ। তিনটি পথই হবে পর্যাপ্ত বড়। প্রতিবন্ধীদের প্রতিমা দর্শনে সুবিধের জন্য বিশেষ ব্যবস্থা করা হবে। মণ্ডপে আগত দর্শনার্থী অসুস্থ হয়ে পড়লে তাদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। মণ্ডপ চত্বরে মেডিক্যাল ক্যাম্পের ব্যবস্থা করা হয়েছে। পুজোর দিনগুলিতে ২৪ ঘণ্টা সেখানে ডাক্তারের ব্যাবস্থা থাকবে।

পুজোর দিনে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা হবে। দর্শনার্থীদের ভিড় সামলানোর জন্য প্রতিদিন গড়ে ৮জন নিজস্ব নিরাপত্তা কর্মী ভাড়া করা হবে। রাখা হবে স্বেচ্ছাসেবক, এনসিসির ছেলেদের। মণ্ডপ চত্বরে বা মণ্ডপে কোনওরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে রাখা হবে পর্যাপ্ত আলোর ব্যবস্থা। লাগানো হবে সিসিটিভি।

পরিচ্ছন্নতার দিকও দেখছেন বলেছেন জানিয়েছেন অরবিন্দবাবু। দর্শনার্থীদের সুবিধের জন্য ব্যবস্থা করা হয়েছে বায়ো টয়লেটের। অগ্নি নির্বাপণের জন্য প্যাণ্ডেলের কাপড়ে ফায়ার প্রুফিং স্প্রে করা হবে।

পাশের পুকুর থেকে জল তোলার জন্য পাম্পের ব্যবস্থা করা হবে। পুরো প্যাণ্ডেলের ভেতরে থাকবে স্মোক এবং ফায়ার অ্যালার্ম।

কেন্দ্রীয় সরকারের নতুন লক্ষ্য প্রতিটি গ্রামে ব্রডব্যান্ড পরিষেবা আরও জোরদার করা, বললেন কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী মনোজ সিনহা

নিজস্ব সংবাদদাতা, বারাসত : কেন্দ্রীয় সরকারের নতুন লক্ষ্য এবার দেশের প্রতিটি গ্রামে ব্রডব্যান্ড পরিষেবা আরও জোরদার করা। জানালেন কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী মনোজ সিনহা। শুক্রবার বারাসতে দলীয় এক বৈঠকে যোগ দিতে এসে কেন্দ্রীয় মন্ত্রী দাবি করেন, ভারতবর্ষ গোটা পৃথিবীর মধ্যে মোবাইল ব্যবহার দ্বিতীয় স্থানে রয়েছে। আর ডেটার ব্যবহারে ভারত এখন এক নম্বরে। তিনি জানান, প্রত্যেক গ্রামে ১০০ এমবিপিএস স্পিডের সংযোগ দেওয়া হবে ভারত নেটের মাধ্যমে। কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী বলেন, দশটি মাও অধ্যুষিত রাজ্য এবং উত্তর- পূর্ব ভারতের রাজ্যগুলিতে টেলি সংযোগ বাড়ানোর কাজ শুরু হয়েছে। এক্ষেত্রে পরিকাঠামোগতভাবে পিছিয়ে পড়া রাজ্যগুলি যদি কেন্দ্রীয় মন্ত্রকের কাছে সহায়তা চায় সেক্ষেত্রে মন্ত্রক সাহায্য প্রদানে এগিয়ে আসবে। মন্ত্রী বলেন, বিএসএনএল নিয়ে লোকে আগে বলত লাগতি নেহি। এখন আর তেমনই নেই। জিও লঞ্চের পর একমাত্র কোম্পানি যারা বাজার দখল বেড়েছে। বর্তমানে এই সংস্থা লাভজনক হয়েছে বলেও তিনি দাবি করেন। উত্তর ২৪ পরগনা জেলার বারাসত ডাকবাংলো মোড় সংলগ্ন এক অনুষ্ঠানে বিজেপি'র দলীয় সভায় কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তিনি এদিন রাজ্য সরকারের ডিএ ঘোষণার প্রসঙ্গ তুলে বলেন, এতদিন ডিএ দিতে না পারাটা রাজ্য সরকারের সমস্যা। রাজ্যের সরকারি কর্মীদের ডিএ দাবি করার পুরো অধিকার রয়েছে বলেও জানান তিনি।

শিক্ষামূলক ভ্রমণে গিয়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : গত তিনদিন আগে গঙ্গাসাগরের কুমার অম্বু উচ্চ বিদ্যালয়ের একশত একত্রিশ জন ছাত্রছাত্রী এবং এগার জন শিক্ষকের একটি দল শিক্ষামূলক ভ্রমণে বাঁকুড়া গিয়েছিল। সেখানে গত বৃহস্পতিবার অষ্টম শ্রেণির ছাত্র সঞ্জয় পাত্র হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। তাকে শিক্ষকরা বাঁকুড়া সম্মিলনী হাসপাতালে ভর্তি করে। সেখানে গতকাল সে মারা যায়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বক্তব্য ওই ছাত্রটি আগে থেকেই অসুস্থ ছিল। সেই খবর আমাদের কাছে জানা ছিল না। বাঁকুড়ায় গিয়ে বেশি অসুস্থ হয়ে যাওয়ায় হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সঞ্জয়ের বাবা অবশ্য স্কুল কর্তৃপক্ষকে দায়ী করছেন। তার ছেলে অসুস্থ তাকে নিয়ে যাওয়ার দরকার কী ছিল? বন্ধুবান্ধবেরা অবশ্য বলছে, যেহেতু সকলে বেড়াতে যাচ্ছে তাই বাড়িতে জানায়নি। যদি অসুস্থতার কথা শিক্ষকরা জানে তাহলে নিয়ে যাবে না। সঞ্জয়ের দেহ সাগরে আনা হয়েছে। সঙ্গে ওই স্কুলের সকলেই রয়েছে। পরিবারে শোকের ছায়া।

অশোকনগরে পথদুর্ঘটনায় বৃদ্ধার মৃত্যুতে অগ্নিগর্ভ

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : অশোকনগরের হাবড়া-নৈহাটি রোডে এক পথ দুর্ঘটনাকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হল গোটা এলাকা। মারুতির ধাক্কায় এক মহিলার মৃত্যুতে ঘাতক গাড়িটিকে ভাঙচুর চালিয়ে আগুন ধরিয়ে দেয় উত্তেজিত জনতা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শনিবার বেলা ১টা নাগাদ হাবড়া থেকে একটি বেসরকারি রুটের বাসে করে অশোকনগরের রাজবেড়িয়া বাড়িতে ফিরছিলেন এশারুন বিবি (৬৭)।

অশোকনগরের রাজবেড়িয়া মোড়ের কাছে তিনি বাস থেকে নেমে যান। এরপর হাবড়া নৈহাটি রোড পার হতে গিয়ে সেই সময় ঘটে দুর্ঘটনা। প্রত্যক্ষদর্শীরা জানান, হাবড়ার দিক থেকে দ্রুত গতিতে আসা একটি মারুতি ওমনি গাড়ি সজোরে ধাক্কা মারে এশারুন বিবিকে। ধাক্কা মারার পর গাড়িটি পাল্টি খেয়ে রাস্তার পাশে পড়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় স্থানীয় বাসিন্দা এশারুন বিবির । এরপরই উত্তেজিত জনতা ঘাতক গাড়িটিতে ব্যাপক ভাঙচুর চালায়। এরপর গাড়িটিতে আগুন ধরিয়ে দেয় তারা। দাউ দাউ করে পুড়তে থাকে গাড়িটি।

হাওড়ার ব্যাঁটরা সম্মিলনীতে ফুটে উঠবে বড় হাওড়ার লড়াই

নিজস্ব সংবাদদাতা, হাওড়া:অঙ্কুরিত বীজের লড়াই অনেকের চোখেই অজানা। তবে প্রাণী জগতের শিশুদের বড় হওয়ার লড়াইয়ের সাক্ষী অনেকেই। সেই শিশু ও তার মায়ের চিরন্তন লড়াই এবার ফুটে উঠবে হাওড়ার ব্যাঁটরা সম্মেলনীর দুর্গাপুজোয়। যেখানে বিশ্বের সমস্ত প্রাণীর এই বড় হাওড়ার যুদ্ধ দেখানো হবে রূপক চিত্র মাছের আকারে। সংগঠনের সহ সভাপতি তপন দত্ত জানান। বিশালআকারের একটি মাছ মণ্ডপকারে ফুটে উঠবে এবার ২০১৭-র হাওড়ার ব্যাঁটরা সম্মেলনীর পুজো মণ্ডপে। তার ভিতরে থাকবে বিভিন্ন ছোট ছোট মাছ। সেগুলি তৈরি হচ্ছে কাঠ, থার্মোকল মাছগুলো নানা অসুবিধার সম্মুখীন হয়েও বড় হওয়ার লড়াই করছে। মা ডাঙ্গায় উঠে কিভাবে তাদের রক্ষা করছে এখানে দেখানো হবে এই মণ্ডপে। তপনবাবুর মতে মাছ এখানে একটি রূপক। এখানে মাছের মাধ্যমে মানুষ ও প্রকৃতির নানা প্রাণীর শিশু অবস্থায় তার অসহায়তা ও কমিটির সেক্রেটারি কল্যান দত্ত, কৌশিক পালও সন্দীপ দে সারাক্ষণ এই পুজো মণ্ডপের মাধ্যমে সাধারণ মানুষ সচেতন করা ও সামাজিক বার্তা দেবার জন্য ছোটছুটি করছেন। সভাপতি সঞ্জীব কুমার সেন ও আহবাহক অরিত্র রঞ্জন সেন জানান, আর্ট, কলেজের ছাত্ররা এই পুজো মণ্ডপ যুদ্ধকালীন তৎরতায় নির্মাণ করছেন। প্রধান শিল্পীর নাম হরিচরণ দাস। প্রতিমার মধ্যেও থাকছে থিমের ছোঁয়া। প্রতিমা শিল্পীর নাম সুবল বণিক। এই পুজোর এবছরের বাজেট প্রায় চল্লিখ থেকে পয়ঁতাল্লিখ লাখ টাকা। পুজোর উদ্দেশ্য সম্বন্ধে পুজোর উদ্যোক্তাদের অভিমত, এখন মানুষ অনেকেই ভ্রুণ হত্যা করছে। এবারও তাঁরা সফল হবে বলে মনে, করছেন পুজো উদ্যোক্তরা। হাওড়ার টিকিয়াপাড়া ও দাশনগর স্টেশন নেমে কিংবা হাওড়া স্টেশন গামী যেকোনও বাসে করেই পুজো মণ্ডপে আসা যাবে।

জাল মেডিকেল চক্রের বিরুদ্ধে সিআইডির সাফল্য

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: জাল মেডিকেল কলেজ এবং জাল মেডিকেল সার্টিফিকেটের বড়সড় সাফল্য পেল সিআইডি। পুলিশকে ফাঁকি দিয়ে দীর্ঘদিন ধরে পালিয়ে বেড়াচ্ছিলেন সুরেশ কুমার আগরওয়াল এবং চন্দন আগরওয়াল। অবশেষে তারা ধরা পড়ল দিল্লি থেকে।

রাজ্যে পুলিশের গোয়েন্দা পুলিশ গ্রেফতার করে তাদের দুজনকে। তাদের বিরুদ্ধে জাল মেডিকেল কলেজ চালানো এবং কলেজ থেকে জাল সার্টিফিকেট দেওয়ার অভিযোগ আছে।

ইন্ডিয়ান বোর্ড অফ অল্টারনেটিভ মেডিসিনের সুরেশ কুমার আগরওয়াল প্রিন্সিপ্যাল এবং চন্দন আগরওয়াল সেক্রেটারি ছিলেন। তারা এই ইনস্টিটিউশনের প্রিন্সিপাল ছিলেন।

দীর্ঘদিন ধরে সিআইডি তাঁদের খোঁজ চালাচ্ছিলেন। গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ তাদের বিরুদ্ধে তল্লাশি শুরু করে বেশ কিছুদিন ধরে।

অবশেষে বুধবার তাদের সিআইডি তাদের গ্রেফতার করে। বৃহস্পতিবার তাদের বিরুদ্ধে কোর্টে তাদের ট্রানজিট রিমান্ডের জন্য আবেদন করা হয়। শনিবার সকালে তাদের নিয়ে রাজধানী এক্সপ্রেসে হাওড়ায় পৌঁছায়। এদিন অভিযুক্তরা জানিয়েছেন, তারা নির্দোষ। তারা যা বলার কোর্টে বলবেন।

মৃদু আওয়াজে আতঙ্ক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়া স্টেশনের সাবওয়েতে বহু মানুষের যাতায়াত। অনেক অফিস ছুটি থাকায় যাত্রী সংখ্যা ছিল কম। হঠাৎই শনিবার বিকাল পাঁচটায় মৃদু কিছু ফাটার আওয়াজ। সে আওয়াজে আতঙ্কিত হয়ে পড়ে যাত্রীরা। আতঙ্কে এদিক ওদিক ছুটতে থাকে যাত্রীরা। যাত্রী কম থাকায় যদিও কোনও দুর্ঘটনা ঘটেনি। পরে তাদের ঘোর কাটে। জানতে পারা যায়, কার্বাইডে জল পড়ে মৃদু আওয়াজ। তাতেই এই আতঙ্ক।

ট্রেনেই মৃত্যু শিশুর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ট্রেনের মধ্যেই মৃত্যু হল ছ'মাসের শিশুর। মর্মান্তিক এই ঘটনাটি জানাজানি হয় শনিবার দুপুরে হাওড়া স্টেশনে। নাগপুরে থেকে মা, পিসি ও পিসির ছয় মাসের শিশুকে নিয়ে হাসনাবাদ ফেরার পথেই ট্রেনে মৃত্যু হল ওই ছোট্ট শিশুর।

CHANGE OF NAME

I, NADIM SIDDIQUE, Son of Golam Mustafa, Resident of 2/W, Cantopher Lane, P.S- Beniapukur, Kolkata-700014, have changed my name to NADEEM SIDDIQUE for all purposes. As per Affidavit Sworn before Notary Public at City Civil Court, dated 08.09.2017.

CHANGE OF NAME

I, LIU HSIU HUNG ALIAS SIU FOON WIFE OF LATE LIU SHENG YANG RESIDENT OF 14/1, CHATTAWALLA GULEE, BOW BAZAR, KOLKATA-700012, W.B. SHALL HENCEFORTH BE KNOWN AS “LIU HSIU HUNG” VIDE AN AFFIDAVIT BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE, KOLKATA ON 20.07.2017.

AFFIDAVIT

I, Ratan Dad, son of Late Kalipada Das resident of puran hat, P.O. Burnpur-713325, P.S.- Hirapur, Dist-Paschim Bardhaman, WB, Declare that I am the sole proprietor of "R.Das", a civil, Electrical, contractor and General order suppliers having its existing place of business 259/366) puran hat, Burnpur, Ward No. 42/81 of A.M.C.Now my said sole proprietorship firm is going on into the change of place at 257/(365/D) puran hat, Burnpur, within Ward No. 42/81 of A.M.C. by Change of Business having existing Name & Nature are same. vide Affidavit Notary Public Asansol court on 12 August,2017.

Change of Name

I, Smt. Anima Dirghangi, wife of Sri Debabrata Dirghangi resident of Narendra pally, P.O. & P.S Barasat, Dist. North 24 Parganas. Kolkata-700 124. Declare that Anima Dirghangi, wife of Debabrata Dirghangi, And Ganga Rani Ghosh daughter of Balai Chandra Ghosh wife of Debabrata Dirghangi and Ganga Rani Dirghangi wife of Debabrata Dirghangi is one and the same identical lady in the eye of law. That henceforth I shall be known and called as Anima Dirghangi in place of Ganga Rani Ghosh and Ganga Rani Dirghangi in everywhere and for the same vide Affidavit Notary Public Barasat on 31 August,2017.